কো[illegible] অফিস
ঢাকা বিশ্ববি[illegible]লয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: ৮৮-০২-৯৬৭০৪৫৩ (অফিস)
ফ্যাক্স: ৮৮০-২-৫৫১৬৭৮১০
ই-মেইল: treasurer@du.ac.bd

ঢাকা বিশ্ববিদ্যালয়

**Office of the Treasurer**
**University of Dhaka**
Dhaka-1000, Bangladesh
Phone: +88-02-9670453 (Off)
Fax : 880-2-55167810
E-mail: treasurer@du.ac.bd

স্মারক নং কোষা: /২০২৫/৭৩৯

তারিখঃ ০১ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
১৫ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

১. সম্মানিত প্রাধ্যক্ষ/ওয়ার্ডেন, সকল হল/হোস্টেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. সম্মানিত চেয়ারম্যান/পরিচালক, সকল বিভাগ/ইনস্টিটিউট।

**বিষয়ঃ শিক্ষার্থীদেরকে স্বাস্থ্যবীমা সংক্রান্ত তথ্যসমূহ জানানোর ব্যবস্থা গ্রহণ ও স্বাস্থ্যবীমা প্রক্রিয়া সম্পর্কে পুনঃঅবহিতকরণ।**

মহোদয়,

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় শিক্ষার্থীরা স্বাস্থ্যবীমার আওতাভুক্ত থাকলেও বীমা দাবী আদায়ের প্রক্রিয়া সম্পর্কে স্বচ্ছ ধারণা না থাকার কারণে শিক্ষার্থীবৃন্দ স্বাস্থ্যবীমার সুযোগ-সুবিধা গ্রহণে জটিলতার সম্মুখীন হচ্ছে। শিক্ষার্থীদের স্বাস্থ্যসেবার ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আনয়নের জন্য গত ০৫/০৫/২৫ তারিখের ডিনস্ কমিটি সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা যাচ্ছে:

১. প্রতিটি হল/বিভাগ/ইনস্টিটিউটের নোটিশ বোর্ডে দৃশ্যমানভাবে স্বাস্থ্যবীমা সম্পর্কিত নির্দেশাবলী প্রচার করা। উল্লেখ্য যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ওয়েবসাইটেও এই নির্দেশাবলী দেয়া আছে।
২. প্রতিটি বিভাগ/ইনস্টিটিউটে একজন ছাত্র উপদেষ্টাকে স্বাস্থ্যবীমা সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থীদের সহায়তা করার জন্য দায়িত্ব প্রদান করা এবং যথাযথ ভাবে শিক্ষার্থীদের এ বিষয়ে অবগত করা।
৩. প্রতিটি বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ১ম বর্ষের শিক্ষার্থীদের জন্য ওরিয়েন্টেশন অনুষ্ঠানে স্বাস্থ্যবীমা সংক্রান্ত নির্দেশাবলী উপস্থাপন করা।
৪. আগামী ৩ মাসের মধ্যে প্রতি বিভাগ/ইনস্টিটিউটে শিক্ষার্থীদের সাথে একটি কর্মশালার মাধ্যমে স্বাস্থ্যবীমা সংক্রান্ত ধারণা প্রদান করা।
৫. বীমা সংক্রান্ত বিষয়ে কোন অভিযোগ থাকলে, হিসাব দপ্তরের বীমা শাখায় ছাত্র উপদেষ্টার সুপারিশসহ লিখিত অভিযোগ পেশ করার জন্য শিক্ষার্থীদের পরামর্শ প্রদান করা।
৬. সকল বিভাগ/ইনস্টিটিউটের ওয়েবসাইটেও বীমা সংক্রান্ত সকল নির্দেশনা আপলোড করা।

অধ্যাপক এম জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি
কোষাধ্যক্ষ
ঢাকা বিশ্ববিদ্যালয়

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১ ডেপুটি রেজিস্ট্রার, মাননীয় উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়